দৈনিক বাংলা

তারিখ ...25 SEP 1991 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

২৫

15

# চট্টগ্রাম ভার্সিটি

## পরিস্থিতি

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ২৪শে সেপ্টেম্বর।–চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতির অবনতি ঘটেছে। ভিসির অপসারণ ও ১৪ই আগস্টের হামলাকারীদের বিচারের দাবীতে ইস-

(শেষ পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

লামী ছাত্র শিবির ও তাদের সমর্থিত সংগ্রামী ছাত্রঐক্য আগামীকাল বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নির্বাচন কমিশনার ২৬শে সেপ্টেম্বরের শিক্ষক সমিতির নির্বাচন স্থগিত ঘোষণা করায় সাধারণ শিক্ষক সমাজ বিস্ময় প্রকাশ করেছেন। এক বিবৃতিতে তাঁরা বলেন, গঠনতন্ত্র মোতাবেক ডিসেম্বর '৯০–এর মধ্যে ১৯৯১ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠান করা ছিল আইনানুগ। এ নির্বাচন অনুষ্ঠানের ব্যয়ভার '৯০ সালে শিক্ষকদের প্রদত্ত চাঁদা থেকে মেটানোর কথা এবং এ পর্যন্ত তাই হয়ে আসছে। উল্লেখ্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নির্বাচন কমিশনার প্রয়োজনীয় তহবিলের অভাবে নির্বাচন স্থগিত ঘোষণা করে-ছেন।

**অভিভাবক সমাবেশ**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অভিভাবক সমিতি আজ বিকাল তিনটায় মাদারবাড়িতে এক সমাবেশ করে। এতে বক্তারা বলেন, দীর্ঘদিন যাবৎ একটি ছাত্র সংগঠন প্রশাসনিক ভবনে তালা লাগানো, শিক্ষকদের নির্বাচনসহ বিভিন্ন কর্মসূচীতে বাধা সৃষ্টি, কারণে অকারণে হরতাল আহ্বান ইত্যাদি কর্মকাণ্ডের মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে অচল করে রেখেছে। তাদের হাত থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে রক্ষা করার জন্য বক্তারা আবেদন জানান।